গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

www.chapainawabganj.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | এ জেড এম নূরুল হক<br>জেলা ম্যাজিস্ট্রেট |
| সভার তারিখ | ২২.০৭.২০১৯ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১২.২০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর গত সভার কার্যবিবরণী এবং কার্যপত্র সভায় উপস্থাপন করা হয়। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

২। জুন/২০১৯ মাসে জেলা টাস্কফোর্স ও অন্যান্য সংস্থা/দপ্তর কর্তৃক জেলায় চোরাচালান বিরোধী অভিযানের তথ্য বিবরণী উপস্থাপন করা হয়, যা নিম্নরূপ:_

| সংস্থার নাম | অভিযানের সংখ্যা | আটক মামলার সংখ্যা | আটক পণ্যের মূল্য | আটক ব্যক্তির সংখ্যা | আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| টাস্কফোর্স | ০৬ টি | ০৬টি | ১,৮৩,২৫০/- | ০৭টি | ০৬টি |
| ৫৩ বিজিবি চাঁপাইনবাবগঞ্জ | ২১৬০ টি | ৩৩ টি | ৯১,৩৩,৪০৫/- | ০১ জন | ০১ টি |
| ৫৯ বিজিবি চাঁপাইনবাবগঞ্জ | ১৮৬০ টি | ২১ টি | ১২,৩৯,৬০০/- | ০৩জন | ০৩ টি |
| ১৬ বিজিবি নওগাঁ | ২০৯১ টি | ১৬ টি | ২০,০৩,৮৭৫/- | ০৪ জন | - |
| পুলিশ (জেলা) | ২১ টি | ২১ টি | ১৯,৬০,২৯০/- | ৩৩ জন | ২১ টি |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৬০ টি | ২৪ টি | ৯,১৩,৯৩০/- | ২৪ জন | ২২ টি |
| মোট | ৬১৯৮ টি | ১২১ টি | ১,৫৪,০১,৩৫০/- | ৭২ জন | ৫৩ টি |

৩। চোরাচালান প্রতিরোধ অভিযান :

৩.১ আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১। | চোরাচালান প্রতিরোধ অভিযান পরিচালনা ও সভা আয়োজন: | টাস্কফোর্সের অভিযান নিয়মিত পরিচালনা এবং উপজেলা পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে। | ০১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ<br>০২। অধিনায়ক, ৫৩/৫৯/১৬ বিজিবি চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ<br>০৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল) চাঁপাইনবাবগঞ্জ<br>০৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ |
| ০২। | মাদক পাচার রোধ এবং মাদকের অপব্যবহার ও বিস্তার প্রতিরোধে সীমান্ত এলাকায় নজরদারি বৃদ্ধি এবং উপজেলা পর্যায়ে মাদকদ্রব্য চোরাচালান বিরোধী জনসচেতনতামূক সভা-সমাবেশ আয়োজন: | জেলা ও উপজেলায় মাদকদ্রব্যের পাচার প্রতিরোধ এবং মাদকের অপব্যবহার ও বিস্তার প্রতিরোধে সীমান্ত এলাকায় নজরদারি, নিয়মিত অভিযান পরিচালনা ও চোরাচালান বিরোধী জনসচেতনতামূলক সভা-সমাবেশ আয়োজন করতে হবে। | |
| ০৩। | মাদকদ্রব্য ও চোরাচালান মামলা নিষ্পত্তিকরণ: | বিচারাধীন মাদকদ্রব্য ও চোরাচালান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার,চাঁপাইনবাবগঞ্জ<br>২। অধিনায়ক, ৫৩/৫৯/১৬ বিজিবি চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪। | মানব পাচার প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত: | মানব পাচার প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | ০১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ<br>০২। অধিনায়ক, ৫৩/৫৯/১৬ বিজিবি চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ<br>০৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল) চাঁপাইনবাবগঞ্জ |
| ০৫। | ট্রেনে চোরাচালান প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ: | ট্রেনে চোরাচালান প্রতিরোধে নিয়মিত অভিযান/তল্লাশি অব্যাহত রাখতে হবে। | |

**৪। সীমান্ত এলাকায় গবাদিপশুর বিট/খাটাল স্থাপন ও পরিচালনা সংক্রান্ত :**

সীমান্ত এলাকায় গবাদিপশুর বিট/খাটাল স্থাপন/নবায়নের বিষয়ে এ পর্যন্ত প্রাপ্ত সকল আবেদন এবং উক্ত আবেদনসমূহের বিষয়ে চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর উপজেলা যাচাই-বাছাই কমিটির মতামতসহ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। প্রাপ্ত আবেদনসমূহ নিম্নরূপ:

**৪.১। জোহরপুর বিওপি, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ০১. | জনাব মো: আব্দুল হান্নান, পিতা-মৃত সিরাজুল ইসলাম, সাং-নারায়নপুর, ডাক-সূর্যনারায়নপুর, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |
| ০২. | জনাব মো: তরিকুল ইসলাম, পিতা-আজিজুর রহমান, সাং-তারাপুর ডাকনিপাড়া, ডাক-সাহাপাড়া, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.২। জোহরপুর ট্যাক বিওপি, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|

| | |
|---|---|
| ০৩. | জনাব মো: সাইফুল ইসলাম স্বপন ও জনাব জাহাঙ্গীর আলম গং, পিতা-মো: নিজাম আলী, গ্রাম-হাজী সাম মোহাম্মদ পাড়া ও সর্দারপাড়া ১ নং ওয়ার্ড অংশ, ডাক-সূর্যনারায়নপুর, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর জেলা-চাঁপাইনবাবগঞ্জ |
| ০৪. | জনাব মো: জামাল উদ্দিন, গ্রাম-বাখের আলী, ডাক-চরবাগডাঙ্গা, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.৩। ফরিদপুর বিওপি, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ০৫. | জনাব মো: আরিফ উদ্দিন, পিতা-মৃত আকরাজ উদ্দিন, সাং-গুলবাগ, ডাক-চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.৪। হাকিমপুর বিওপি, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ০৬. | জনাব মো: আ: ওয়াহেদ (আসলাম), পিতা-মৃত সারবান আলী, সাং-আজাইপুর, ডাক-বটতলাহাট, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.৫। চরবাগডাঙ্গা বিওপি, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ০৭. | আলহাজ্ব আব্দুল লতিফ, পিতা-মৃত আলহাজ্ব আলতাফ হোসেন, গ্রাম-চরবাগডাঙ্গা, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। স্থায়ী ঠিকানা: সাং-২২১, উত্তর শাহজাহানপুর, ডাকঘর-শান্তিনগর, শাহজাহানপুর, ঢাকা |

**৪.৬। বকচর বিওপি, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ০৮. | জনাব মো: বাবুল আকতার, পিতা-মো: এমরান আলী, গ্রাম-ঘুঘুডাঙ্গা, ডাক-হাসানপুর, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.৭। রঘুনাথপুর বিওপি, শিবগঞ্জ উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ০৯. | জনাব মোহা: আব্দুর রাকিব, পিতা-মো: আব্দুর রশিদ, গ্রাম-কালুপুর, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |
| ১০ | জনাব মোবারক হোসেন, পিতা-মো: আলী হোসেন, গ্রাম-নবাবচর, ডাক-আটি ১৩১২, উপজেলা-কেরানীগঞ্জ মডেল জেলা-ঢাকা |
| ১১ | মো: সৈবুর রহমান, পিতা-মৃত লুৎফল হক, প্রো: মেসার্স সোনামসজিদ ট্রেডার্স, সাং-৫৭-৫৮ মসজিদপাড়া, ডাকঘর-চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.৮। মাসুদপুর বিওপি, শিবগঞ্জ উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ১২. | জনাব মো: আতাউর রহমান, পিতা-মো: সাইফুল ইসলাম, গ্রাম-জয়নগর মীরপাড়া, ডাকঘর-বটতলাহাট, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.৯। ফতেপুর বিওপি, শিবগঞ্জ উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|

| | |
|---|---|
| ১৩. | জনাব মোহা: মাইনুল ইসলাম, পিতা-মৃত শরীফ উদ্দীন আহমেদ, গ্রাম-দাদনচক, ডাক-আদিনা কলেজ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.১০। মনোহরপুর বিওপি, শিবগঞ্জ উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ১৪. | জনাব মো: এমরান আলী, পিতা-মো: মসলিম উদ্দিন, গ্রাম-রামনাথপুর, ডাক-সাহাপাড়া, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |
| ১৫. | জনাব মো: গোলাম মোরশেদ, পিতা-মো: গোলাম মোস্তফা, গ্রাম-গাবতলা, ডাক-চৌহদ্দীটোলা, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.১১। চৌকা বিওপি, শিবগঞ্জ উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ১৬. | জনাব মো: এনামুল হক, পিতা-মো: ইসরাইল হোসেন, গ্রাম-জমিনপুর হাজীপাড়া, ডাক-বিনোদপুর, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

**৪.১২। রোকনপুর বিওপি, গোমস্তাপুর উপজেলা:**

| ক্র: নং | আবেদনকারীদের নাম ও ঠিকানা |
|---|---|
| ১৭. | ১) জনাব মো: মনিরুল ইসলাম, পিতা-মৃত এহেসান আলী, সাং-রোকনপুর, থানা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |
| ১৮. | ২) জনাব মো: জিয়াউর রহমান, পিতা-মো: হাসান আলী, সাং-বিবিষণ, ডাকঘর- আক্কেলপুর, থানা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

৫। বর্ণিত আবেদনগুলোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উপস্থিত সদস্যগণ এ ব্যাপারে একমত পোষণ করেন যে,

৫.১ বিট খাটালের মাধ্যমে যে সকল গবাদিপশু বাংলাদেশে প্রবেশ করে তার মূল্য পরিশোধের কোন বৈধ/জ্ঞাত পদ্ধতি নেই। মানি লন্ডারিং এর মাধ্যমে পরিশোধ করা হয়ে থাকতে পারে। এটি দেশের সার্বিক অর্থনীতির জন্য ক্ষতিকর।

৫.২ গবাদিপশু যখন উভয় দেশের সীমান্ত অতিক্রম করে দেশের অভ্যন্তরে প্রবেশ করে থাকে, তখন সাথে সাথে অবৈধ অস্ত্র ও মাদক আসার অভিযোগ হয়। সীমান্ত দিয়ে এভাবে গবাদিপশু আসা অব্যাহত থাকলে মাদক ও অবৈধ অস্ত্রের চোরাচালান বন্ধ করা সম্ভব হবে না মর্মে স্থানীয় পুলিশ বিভাগসহ বিজিবি'র পক্ষ থেকে জানা যায়।

৫.৩ ভারত হতে গবাদিপশু আনার সাথে জড়িত বাংলাদেশী রাখাল/ব্যক্তিরা প্রায়শই ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফ এর গুলিতে আহত/ নিহত হয়ে থাকেন। অধিক সংখ্যক সীমান্ত এলাকায় বিট/খাটাল চালু রেখে সীমান্তে এসব হত্যাকাণ্ড বন্ধ করা সম্ভবপর হবে না।

৫.৪ বিট/খাটালের মাধ্যমে ভারতীয় গবাদিপশু আমদানি করার কারণে দেশের প্রাণিসম্পদ খাত দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিট/খাটালের মাধ্যমে গবাদিপশু আমদানি বন্ধ করা গেলে এদেশীয় খামারিগণ বেশ উপকৃত হবে।

৫.৫ উপস্থাপিত আবেদনগুলোর বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায়, সরেজমিন পরিদর্শন ও স্থানীয়ভাবে সার্বিক পরিস্থিতি বিবেচনাপূর্বক বর্ণিত আবেদনগুলোর বিষয়ে সুপারিশ না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, বিধায় জেলা কমিটিতে এগুলোর পক্ষে সুপারিশ করার কোন প্রকার অবকাশ বা সুযোগ নেই।

৫.৬ এছাড়া পুন:বিবেচনার আবেদনসমূহ পর্যালোচনায় দেখা যায়, জেলা কমিটি কর্তৃক ইতোপূর্বে যাচাই-বাছাই অন্তে এগুলোর বিষয়ে সুপারিশ না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। পুন:বিবেচনার আবেদনসমূহ যেসব কারণে পূর্বে বিবেচনা করা হয় নাই তা বর্তমানেও প্রযোজ্য রয়েছে। এসব আবেদন বিবেচনা করা হলে জেলায় একাধিক বিট/খাটাল চালুর অনুমোদন প্রদান করতে হবে। এর ফলে সীমান্ত এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটার আশংকা দেখা দিতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**৬। সিদ্ধান্ত :**

**এমতাবস্থায়, জনস্বার্থে বর্ণিত ১৮ টি গবাদিপশুর বিট/খাটাল স্থাপনের এবং পুন:বিবেচনার আবেদনগুলোর বিষয়ে সুপারিশ না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।**

৭। **বিবিধ বিষয়ক আলোচনা:**

৭.১। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সীমান্ত-২ অধিশাখার গত ০২.০৭.২০১৯ তারিখের ১৬৯ নম্বর পত্র সভায় উপস্থাপন করা হয়। উক্ত পত্রে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার মনোহরপুর বিওপির অধীন সীমান্ত এলাকায় গবাদিপশুর বিট/খাটাল ১৪২৬ বঙ্গাব্দের জন্য লিজ/বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করে দ্রুত প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে।

বিবেচ্য পত্রের ওপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জানা যায় যে, মনোহরপুর বিওপির বিট/খাটাল পরিচালনার জন্য আবেদনগুলোয় উপজেলা কমিটির কোন সুপারিশ নাই। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে ১৪২৬ বঙ্গাব্দে কারও নামে অনুমোদন না দেয়া পর্যন্ত জনৈক মো: গোলাম মোস্তফার অনুকূলে মনোহরপুর বিট/খাটালটি ৩০.০৮.২০১৯ তারিখ পর্যন্ত পরিচালনার জন্য অনুমতি দেয়া হয়েছে। এছাড়া বর্তমানে উপজেলা কমিটির সুপারিশ করা কোন আবেদন নেই।

৭.২। জনাব মো: মন্জুর হোসেন, জেলা চামড়া ব্যবসায়ী সমিতি, চাঁপাইনবাবগঞ্জ এক আবেদনে জানান যে, চোরাচালান প্রতিরোধে ১৯৯১ সাল থেকে চামড়া পরিবহনের জন্য জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত রুট পারমিটের মাধ্যমে ব্যবসা পালিত হয়। বর্তমানে কোন প্রকার চোরাচালান হয় না। ফলে তিনি চামড়ার ব্যবসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে রুট পারমিট প্রথা বাতিল করে মুক্তভাবে ব্যবসা করার অনুমতির আবেদন করেন। এছাড়া তিনি আসন্ন পবিত্র ঈদ-উল- আজহার পরে স্বাধীনভাবে চামড়া পরিবহনের জন্য সভায় সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

৭.৩। আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত আহবান করা হয়। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ বলেন যে, চামড়া পাচার প্রতিরোধে নজরদারির প্রয়োজনীয়তা রয়েছে। পাচার রোধে নজরদারি করার জন্য প্রথা বহাল থাকা প্রয়োজন। তবে হয়রানি রোধে একটি নির্দিষ্ট দিনে চামড়া একত্রিত করে পরিবহনের ব্যবস্থা করা যায়। সে লক্ষ্যে বিশ্বরোডের শাহনেয়ামতুল্লাহ কলেজের সামনে ট্রাক চেক করে চামড়া পরিবহনের অনুমতি দেয়া যায়। বিশেষ করে পবিত্র ঈদ-উল-আজহার পরে ২০.০৮.২০১৯ হতে ২২.০৮.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ০৩ দিন চামড়া পরিবহনের জন্য অনুমতি দেয়া যেতে পারে। উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৮।সিদ্ধান্ত: ক) কোন আবেদনের বিষয়ে উপজেলা কমিটির সুপারিশ থাকলে আবেদন প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) বিগত ১৯৯১ সালে প্রদত্ত চামড়া পরিবহনের বিদ্যমান রুট পারমিট বহাল থাকবে। তবে ব্যবসায়ী হয়রানী রোধ, চামড়া পাচার প্রতিরোধে জেলা শহরের শাহনেয়ামতুল্লাহ কলেজ মোড়ে চামড়ার ট্রাক চেক করে পরিবহনের অনুমতি দেয়া হবে। এছাড়া, আসন্ন পবিত্র ঈদ-উল-আজহার পরে ২০.০৮.২০১৯ হতে ২২.০৮.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ০৩ দিন চামড়া পরিবহনের জন্য শাহনেয়ামতুল্লাহ কলেজ মোড়ে চামড়ার ট্রাক চেক করে পরিবহনের অনুমতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ জেড এম নূরুল হক
জেলা ম্যাজিস্ট্রেট

**স্মারক নম্বর:** ০৫.৪৩.৭০০০.০০০.০৮.০১০.১৯.১৮৩৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬
৩০ জুলাই ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৬) সেক্টর কমাণ্ডার, বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, রাজশাহী
৭) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
৮) পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
৯) অধিনায়ক, ৫৩/৫৯/১৬ বিজিবি, চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ
১০) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ
১১) উপপরিচালক, এনএসআই, চাঁপাইনবাবগঞ্জ
১২) উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
১৩) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ
১৪) নেজারত ডেপুটি কালেক্টর, চাঁপাইনবাবগঞ্জ
১৫) সহকারী কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ
১৬) সহকারী কমিশনার অব কাস্টমস, সোনামসজিদ এলসি স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
১৭) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
১৮) সভাপতি , চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চাঁপাইনবাবগঞ্জ
১৯) ............................................................, চাঁপাইনবাবগঞ্জ

এ জেড এম নূরুল হক
জেলা ম্যাজিস্ট্রেট